# সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১ ▶ দীর্ঘদিন প্রবাস জীবন কাটিয়ে বর্তমানে দেশে ফিরেছেন বিশিষ্ট সমাজকর্মী এনামুল হক। এখানকার শীতের রাতের দৃশ্য তাকে কিছুটা স্তম্ভিত করেছে। ঢাকার অধিকাংশ ওভারব্রিজের ওপর ছিন্নমূল মানুষের কোনোমতে রাত কাটানো কতটা কষ্টের তা বিবেকবান মানুষ ছাড়া কেউ উপলব্ধি করতে পারে না। শুধু ওভারব্রিজ নয় বড় বড় রাস্তাগুলোর দু'পাশে ভাসমান মানুষের এভাবে দিনযাপন একজন সমাজকর্মী হিসেবে এনামুল হকের হৃদয়কে সত্যিই বিদ্ধ করেছে। তার ধারণা সরকার এ ব্যাপারে নির্লিপ্ত বলেই অসহায় মানুষগুলো এভাবে কষ্ট পাচ্ছে।

ক. লজ্জা নিবারণের জন্য মানুষের কোনটি দরকার? ১

খ. আদিম যুগের মানুষ নিরাপত্তাহীনতায় ভুগত কেন? ২

গ. উদ্দীপকের বর্ণনা বাংলাদেশের কোন মৌল মানবিক চাহিদার বর্তমান পরিস্থিতির ইঙ্গিত দিচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সমাজকর্মী এনামুল হকের শেষোক্ত ধারণার সাথে তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

২ ▶ রিয়াদ ফ্যাশন হাউজ' পোশাক কারখানাটিতে গত দুই বছর ধরে মালিক-শ্রমিক দ্বন্দ্ব লেগে আছে। নিম্ন বেতন কাঠামো, বোনাস, ছুটি সংক্রান্ত বিষয় নিয়ে শ্রমিকরা প্রায়ই আন্দোলন করে। ফলে কারখানাটির উৎপাদন প্রক্রিয়া ব্যাহত হচ্ছে। কারখানাটির অর্থনীতিতে ধ্বস নেমেছে। শ্রমিকদের ক্ষমতা থাকা সত্ত্বেও তারা কাজ করছে না। উৎপাদন কমে যাচ্ছে বলে মালিক পক্ষ অভিযোগ করছে। এ অবস্থায় উভয়পক্ষ এ সমস্যা থেকে মুক্ত হতে চাচ্ছে।

ক. পল্লি সমাজকর্ম কাকে বলে? ১

খ. একজন আদালত সমাজকর্মী কী ধরনের কাজ করে থাকেন? ২

গ. উদ্দীপকের সমস্যা মোকাবিলায় সমাজকর্মের কোন শাখার জ্ঞান কার্যকর? ব্যাখ্যা করো। ৩

ঘ. মানবিক সমস্যা সমাধানেও উক্ত শাখার জ্ঞান প্রযোজ্য-বিশ্লেষণ করো। ৪

৩ ▶ শফিক মিয়া একসময় স্বচ্ছলভাবে জীবন যাপন করত। অপরিকল্পিত পরিবার গঠনের কারণে আজ সে দারিদ্র্যের কষাঘাতে জর্জরিত। তার দুই ছেলে তিন মেয়ের সংসারে নুন আনতে পানতা ফুরায় অবস্থা। সন্তানদের ঠিকমতো লেখাপড়াও করাতে পারেননি তিনি। বড় ছেলে রুমন ভালোভাবেই মাধ্যমিকে উত্তীর্ণ হয়েছিল। এরপরই সে বিপথে চলে যায়। পরিবারের দুরবস্থায় হতাশা এবং অসৎ সঙ্গে মাদকাসক্ত হয়ে পড়ে। মাদকের খরচ যোগাতে সে ছিনতাই, চাঁদাবাজি ইত্যাদিতে জড়িয়ে পড়ে। শফিক মিয়া ছেলের এ অবস্থা দেখে চোখে অন্ধকার দেখে। একসময় একজন সমাজকর্মীর পরামর্শে শফিক মিয়া তার ছেলে সুমনকে একটি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ভর্তি করে দেন।

http://teachingbd.com

ক. মাদকাসক্তি বলতে কী বোঝ? ১
খ. মাদকাসক্তের প্রধান বৈশিষ্ট্যগুলো কী কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত রুমনের অবস্থা, সামাজিক সমস্যা সৃষ্টির একটি অন্যতম নিয়ামক। ব্যাখ্যা কর। ৩
ঘ. শফিক মিয়াকে দেওয়া সমাজকর্মীর পরামর্শের আলোকে মাদকাসক্ত নিরাময়ে সমাজকর্মীর ভূমিকা মূল্যায়ন কর। ৪

৪ ▶ নগদ দুই লাখ টাকা ও দুই ভরি স্বর্ণের বিনিময়ে আয়েশার সাথে বিয়ে হয় এরশাদের। বিয়ের কিছুদিন পর শ্বশুর বাড়ির লোকজন আরো এক লাখ টাকা আয়েশার বাবার বাড়ি থেকে আনার জন্যে তাকে চাপ দেয়। আয়েশা অস্বীকৃতি জানালে তার ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালায়।

ক. ধর্মের মূল কথা কী? ১
খ. আইন প্রয়োগকারী সংস্থা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত আয়েশার সমস্যাটি কোন ধরনের সমস্যা? ব্যাখ্যা করো। ৩
ঘ. আয়েশার সমস্যা সমাধানে একজন সমাজকর্মী কীভাবে ভূমিকা রাখতে পারেন বলে তুমি মনে করো? তোমার মতের সপক্ষে আলোকপাত করো। ৪

৫ ▶ প্রফেসর জাফর দৈনিক খবরের কাগজ পড়ছিলেন। একটি সংবাদ তার মনকে ভীষণভাবে নাড়া দেয়। সোহেল খুব ভালো ছেলে। তার মা বাবা তার জন্য সব ধরনের সুযোগ সুবিধা প্রদান করছেন। বাবা মা তাদের কর্মব্যস্ততার জন্য সোহেলকে সময় দিতে পারেন না। হারান তার বন্ধুদের নিয়ে সময় কাটায়। একদিন একটি দামি মোবাইল সেটের জন্য বন্ধুরা তাকে হত্যা করে। খোঁজ নিয়ে জানা যায় তারা সবাই বখাটে ও মাদকাসক্ত ছিল। হত্যাকারী হওয়া সত্ত্বেও তাদের বয়স কম থাকায় প্রচলিত আইনে তাদের বিচার করা যাচ্ছে না।

ক. সমাজকর্ম অভিধানের ব্যাখ্যানুযায়ী সামাজিক আইন কাকে বলে? ১
খ. মুসলিম পারিবারিক অধ্যাদেশ ১৯৬১ এর উদ্দেশ্য কী? ২
গ. হত্যাকারী হওয়া সত্ত্বেও সোহেলের বন্ধুদের প্রচলিত আইনে বিচার করা যাচ্ছে না কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. যে আইনে সোহেলের বন্ধুদের বিচার করা যাবে, সে আইনের তাৎপর্য ও গুরুত্ব আলোচনা করো। ৪

৬ ▶ মিসেস শাহিন আক্তার সমাজসেবা অধিদপ্তরের সবচেয়ে প্রবীণ কার্যক্রমে কর্মরত। তার কর্মরত প্রতিষ্ঠানটি শহরের দরিদ্র ও বস্তিতে বসবাসরত জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়ন তথা তাদের আর্থসামাজিক উন্নয়নের কাজ করে থাকে।

ক. বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা কতজন গ্রামে বাস করে? ১
খ. গ্রামীণ সমাজসেবা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মিসেস শাহিন আক্তার বাংলাদেশ সরকারের কোন কার্যক্রমে কর্মরত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানের উদ্দেশ্য লিপিবদ্ধ কর। ৪

http://teachingbd.com

৭▶ শাহিন একটি আর্থিক প্রতিষ্ঠান গড়ে তোলে। তার প্রতিষ্ঠান ভূমিহীন বা প্রায় ভূমিহীন কৃষকদের বিনা জামানতে ঋণ প্রদান করে থাকে। কোনো একক ব্যক্তিকে ঋণ দেয় না, ঋণ দেয় কয়েকজনের একটি গ্রুপকে। সদস্যরা কিছু টাকা সঞ্চয় করে কিছু টাকা গ্রুপ ফান্ডে রাখেন। তাদের আপৎকালীন ফান্ড রয়েছে। তারা শুধু ঋণ দেন না, ঋণের ব্যবহার তদারক করে সঠিকভাবে আদায় করেন। ঋণগ্রহীতা এর সদস্য নন বরং মালিক।

ক. ব্র্যাকের পল্লী উন্নয়ন কার্যক্রম কয়টি ধারায় সম্পন্ন হয়? ১

খ. ব্র্যাক বলতে কী বোঝায়? ২

গ. শাহিনের প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যের সাথে বাংলাদেশের কোনো প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য সামঞ্জস্যপূর্ণ দেখাও। ৩

ঘ. শাহিনের প্রতিষ্ঠানের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতিষ্ঠানের কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

৮▶ সমাজকর্মী বিপুল চন্দ্র দাস তার এলাকার শিশুদের সুস্থভাবে বেঁচে থাকার জন্য ঝুঁকিপূর্ণ রোগ চিহ্নিত করে তা থেকে শিশুদের রক্ষার জন্য কিছু স্বাস্থ্যকর্মী নিয়ে একটি প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা করেন। এসব স্বাস্থ্যকর্মীরা মা ও শিশুস্বাস্থ্য রক্ষার্থে এলাকায় ঘুরে ঘুরে কাজ করছেন। তবে বিনয়কৃষ্ণ তার কাজের প্রসারতার কথা চিন্তা করছেন। তিনি এইডস প্রতিরোধ, শিশু নিরাপত্তা, শিক্ষা, শিশুশিক্ষা প্রভৃতি বিষয় নিয়েও কাজ করার প্রত্যাশা ব্যক্ত করেন।

ক. Save the Children-এর প্রতিষ্ঠাতা কে? ১

খ. Save the Children সংগঠনটি এইচআইভি প্রতিরোধে কী ধরনের ভূমিকা রাখছে? ২

গ. সমাজকর্মী বিমল চন্দ্রের প্রাথমিক কাজের সাথে Save the Children-এর সাদৃশ্য দেখাও। ৩

ঘ. সমাজকর্মী বিপুলচন্দ্রের প্রত্যাশায় Save the Children-এর লক্ষ্য উদ্দেশ্যের পূর্ণ প্রতিফলন ঘটেছে কি? যুক্তিসহ মতামত দাও। ৪

৯▶

?
↓
সমস্যা নিরূপণ
↓
পরিকল্পনা
↓
তদারকি এবং পর্যালোচনা
↓
কেস সমাপ্তি

ক. মাঠকর্ম কোন ধরনের জ্ঞানের বাস্তব প্রয়োগ? ১

খ. মাঠকর্মের অংশগ্রহণ নীতিটি ব্যাখ্যা করো। ২

গ. ছকের '?' স্থান কোনটিকে নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. কেস সমাপ্তি উক্ত বিষয়টির সর্বশেষ প্রক্রিয়া— বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট

## সমাজকর্ম দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৪০

বিষয় কোড: ২ ৭ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. UNDP- এর তথ্য মতে, বিশ্বের কতটি দরিদ্র দেশের লোকদের স্বাস্থ্য সেবার সুযোগ নেই?
ক ২০টি  খ ৩০টি
গ ৪০টি  ঘ ৫০টি

২. বাংলাদেশে সরকারি পর্যায়ে কয়টি মেডিকেল কলেজ রয়েছে?
ক ১৬টি  খ ১৭টি
গ ১৮টি  ঘ ১৯টি

৩. পুষ্টিহীনতা দেখা দেয় কেন?
ক পরিমিত খাদ্যের অভাবে
খ শর্করা জাতীয় খাদ্যের অভাবে
গ দামী খাদ্যের অভাবে
ঘ সময়মতো খাবার না খেলে

৪. বাংলাদেশের জাতীয় শিক্ষানীতি ২০১০ এর অগ্রগতি হলো—
i. প্রথম থেকে উচ্চতর ডিগ্রি পর্যন্ত নতুন বই
ii. নতুন কারিকুলাম প্রণয়ন
iii. নতুন নতুন বিষয়ের সংযুক্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

৫. সমাজকর্মের প্রতিটি শাখারই সাধারণ বৈশিষ্ট্য কোনটি?
ক সমাজসংস্কারে ভূমিকা রাখে
খ লক্ষ্য এক ও অভিন্ন
গ পারস্পরিক সহমর্মিতা সৃষ্টির অনুশীলন করে
ঘ নির্দিষ্ট মানবিক সমস্যা মোকাবিলার লক্ষ্যে অনুশীলন করা হয়

৬. কোন বিষয়টি বর্তমানে সাহায্যকারী পেশা হিসেবে সারা বিশ্বে পরিচিত?
ক মনোবিজ্ঞান  খ সমাজকর্ম
গ সমাজবিজ্ঞান  ঘ অর্থনীতি

৭. মানবিক সমস্যার সাথে আধুনিক সমাজকর্মের সম্পর্ক কিরূপ?
ক অত্যন্ত নিবিড়  খ নিবিড়
গ প্রতিযোগিতামূলক  ঘ বিরূপ

৮. 'American Association of Hospital Medical Social Workers' সংগঠনটি কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯১৫ সালে  খ ১৯১৬ সালে
গ ১৯১৭ সালে  ঘ ১৯১৮ সালে

৯. বাংলাদেশে সকল সমস্যার প্রত্যক্ষ বা পরোক্ষ কারণ হিসেবে দায়ী করা যায় কোনটিকে?
ক বেকারত্ব  খ জনসংখ্যাস্ফীতি
গ কুসংস্কার  ঘ মাদকাসক্তি

১০. বর্তমানে বাংলাদেশের মোট জনসংখ্যায় পুরুষ ও নারীর অনুপাত কত?
ক ১০০ : ১০৩  খ ১০৩ : ১০০
গ ১০০ : ১০৫  ঘ ১০২ : ১০০

১১. বিবাহের প্রথম এবং প্রধান শর্ত কী?
ক পাত্রের পছন্দ  খ পাত্রীর পছন্দ
গ পাত্র-পাত্রীর বয়স  ঘ পারিবারিক সম্পত্তি

১২. বাল্যবিবাহ প্রভাব বিস্তার করে—
i. জনসংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে
ii. সামাজিক ক্ষেত্রে  iii. অর্থনৈতিক ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

১৩. 'প্রতিষ্ঠান হলো সেসব কর্মপদ্ধতি, যেগুলোর মাধ্যমে দলীয় কার্যকলাপের বৈশিষ্ট্য প্রতিষ্ঠিত হয়' উক্তিটি কোন সমাজবিজ্ঞানীর?
ক পিবি হর্টনের
খ ম্যাকাইভার এবং পেজের
গ বোগারডাসের  ঘ সামনার ও কেলারের

১৪. সমাজবিজ্ঞানী Ross বিবাহকে কয়টি ধারণার মাধ্যমে ব্যাখ্যা করার চেষ্টা করেছেন?
ক তিনটি  খ চারটি
গ পাঁচটি  ঘ ছয়টি

১৫. পরিবার গঠনের অন্যতম হাতিয়ার কোনটি?
ক আইন-কানুন  খ বিবাহ
গ সামাজিক প্রথা  ঘ ধর্মীয় মূল্যবোধ

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও।**

'ক' সংস্থটি দুটি লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে কাজ করে যেমন—
১. অপরাধমূলক কার্যক্রম প্রতিরোধ করা যা ব্যক্তি বা সমাজের জন্য ক্ষতিকর।
২. দেশের প্রচলিত আইনে অপরাধমূলক কার্যক্রমের সাথে জড়িতদের গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসা ও শাস্তির ব্যবস্থা করা।

১৬. 'ক' সংস্থাটি নিচের কোনটিকে নির্দেশ করছে?
ক বিচারবিভাগ
খ আইন প্রয়োগকারী সংস্থা
গ আইন বিভাগ  ঘ আইন

১৭. উক্ত সংস্থাটির ভূমিকা সম্পর্কে বলা যায়—
i. দুর্নীতি দূর করে সমাজকে সমৃদ্ধ করে তোলে
ii. সামাজিক সমস্যা দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে
iii. অপরাধীকে শাস্তি প্রদান করে অন্যান্যদের অপরাধ থেকে বিরত থাকার শিক্ষা দেয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

১৮. বাল্যবিবাহ আইন কত সালে প্রণীত হয়?
ক ১৯২৬ সালে  খ ১৯২৭ সালে
গ ১৯২৮ সালে  ঘ ১৯২৯ সালে

১৯. বর্তমানে আমাদের দেশে ছেলেদের বিয়ের বয়স কত নির্ধারণ করা হয়েছে?
ক ২০ বছর  খ ২১ বছর
গ ২২ বছর  ঘ ২৩ বছর

২০. শিশু আইন, ১৯৭৪ এর কয়টি ধারা রয়েছে?
ক ৭৮টি  খ ৭৯টি
গ ৮০টি  ঘ ৮১টি

২১. কিশোর আদালতের লক্ষ্য কোনটি?
ক বয়স্ক অপরাধীদের সংশোধন করা
খ কিশোর অপরাধীদের সংশোধন করা
গ কিশোর অপরাধীদের শাস্তি দেওয়া
ঘ বয়স্ক অপরাধীদের শাস্তি দেওয়া

Teachingbd.com

২২. কত সালে Dhaka Urban Community Development Board গঠন করা হয়?
ক) ১৯৫৩ সালে   খ) ১৯৫৪ সালে
গ) ১৯৫৫ সালে   ঘ) ১৯৫৬ সালে

২৩. শহর সমাজসেবা কর্মসূচি তত্ত্বাবধান করেন কে?
ক) একজন পরিচালক
খ) একজন উপপরিচালক
গ) একজন সহকারী সচিব
ঘ) জেলা সমাজসেবা অফিসের প্রধান কর্মকর্তা

২৪. কিশোর উন্নয়ন কেন্দ্রে সমাজকর্মের কোন পদ্ধতির ব্যবহার বেশি লক্ষ করা যায়?
ক) ব্যক্তি সমাজকর্মের   খ) দল সমাজকর্মের
গ) সমষ্টি সমাজকর্মের   ঘ) সমাজকর্ম গবেষণার

অনুচ্ছেদটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
নাঈমা একজন সমাজকর্মী। তিনি যে প্রতিষ্ঠানে কাজ করেন সেটি কিশোর অপরাধীদের নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে তাদের চরিত্র সংশোধনের চেষ্টা করেন। ১৯৭৪ সালের শিশু আইনের আওতায় সরকার প্রতিষ্ঠানটি তত্ত্বাবধান করেন।

২৫. অনুচ্ছেদে উল্লিখিত নাঈমা কোন প্রতিষ্ঠানে কাজ করেন?
ক) শহর সমাজসেবা অফিসে
খ) জাতীয় মানবাধিকার কমিশনে
গ) কিশোর উন্নয়ন কেন্দ্রে
ঘ) সমাজসেবা অধিদপ্তরে

২৬. একজন কিশোর অপরাধীর জীবনে উক্ত প্রতিষ্ঠানের গুরুত্ব হলো—
i. আয়মূলক কাজকর্ম করতে পারবে
ii. প্রাপ্ত বয়স্ক অপরাধীদের প্রভাব থেকে মুক্ত থাকতে পারবে
iii. দক্ষতা উন্নয়নভিত্তিক প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

২৭. এনজিও বিষয়ক ব্যুরো কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক) ১৯৮০ সালে   খ) ১৯৮৫ সালে
গ) ১৯৯০ সালে   ঘ) ১৯৯৫ সালে

২৮. ড. মুহাম্মদ ইউনূস কত সালে নোবেল শান্তি পুরস্কার পান?
ক) ২০০২ সালে   খ) ২০০৪ সালে
গ) ২০০৬ সালে   ঘ) ২০০৮ সালে

২৯. কোনটি একটি সমাজ স্বীকৃত সাহায্যকারী পেশা?
ক) সমাজকর্ম   খ) ডাক্তারি
গ) শিক্ষকতা   ঘ) ইঞ্জিনিয়ারিং

৩০. ইউসেপ যেসব উদ্দেশ্য নিয়ে কাজ করে থাকে—
i. শহর অঞ্চলে বসবাসরত (লক্ষ্যভুক্ত) জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়ন
ii. নগর দরিদ্রদের ক্ষমতা ও আত্মমর্যাদা বৃদ্ধি করা
iii. মৌল মানবিক অধিকার পূরণে দরিদ্র জনগোষ্ঠীকে সহায়তা করা

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৩১. Save the Children in the United States কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক) ১৯৩২ সালে   খ) ১৯৪২ সালে
গ) ১৯৫২ সালে   ঘ) ১৯৬২ সালে

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩৩ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
মনিরুজ্জামান একটি আন্তর্জাতিক সংস্থায় কাজ করেন। সংস্থাটি ১৯৩২ সালে আমেরিকায় প্রতিষ্ঠিত হয়েছিল। সংস্থাটি বিশ্বের বিভিন্ন দেশের শিশুদের কল্যাণে কাজ করে থাকে।

৩২. মনিরুজ্জামান কোন সংস্থায় কর্মরত আছেন?
ক) ইউসেপে   খ) ওয়ার্ল্ড ভিশনে
গ) ইউনিসেফে   ঘ) সেভ দ্যা চিলড্রেনে

৩৩. উক্ত সংস্থাটির কার্যক্রমের ফলে শিশুরা লাভ করছে—
i. কর্মসংস্থানের সুযোগ
ii. পুষ্টিকর খাদ্য
iii. শিক্ষার সুযোগ

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

৩৪. ইউএনডিপি কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক) ১৯৪৪ সালে   খ) ১৯৫৫ সালে
গ) ১৯৬৬ সালে   ঘ) ১৯৭৭ সালে

৩৫. UNDP কখন থেকে বাংলাদেশে তাদের কার্যক্রম পরিচালনা করছে?
ক) ১৯৭০ সালের ১৭ জুলাই
খ) ১৯৭১ সালের ২০ জুলাই
গ) ১৯৭২ সালের ৩১ জুলাই
ঘ) ১৯৭৩ সালের ৫ জুলাই

৩৬. গ্রুপ ম্যানেজমেন্ট প্রক্রিয়ার সর্ব প্রথম ধাপ কোনটি?
ক) মূল্যায়ন
খ) চাহিদা নির্ণয় ও সেবাদান পরিকল্পনা
গ) সেবাকর্ম   ঘ) তথ্য অনুসন্ধান

৩৭. পরিবার একটি সামাজিক দল। কারণ এখানে রয়েছে—
i. কিছু সংখ্যক লোকের উপস্থিতি
ii. নির্দিষ্ট কিছু বিধিবিধান
iii. সদস্যদের পারস্পারিক ক্রিয়া-প্রতিক্রিয়া

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৩৮. মাঠকর্ম অনুশীলনের দ্বিতীয় ধাপ কোনটি
ক) সমস্যা নির্ধারণ   খ) পরিকল্পনা
গ) যোগাযোগ কৌশল   ঘ) মূল্যায়ন

৩৯. সমাজকর্মে মাঠকর্ম প্রতিবেদন তৈরি করার জন্য কে ফিল্ড ওয়ার্ক ম্যানুয়েলের দিক নির্দেশনা দেন?
ক) এম এ মোমেন   খ) পিবি হর্টন
গ) সামনার   ঘ) টেইলর

৪০. মাঠকর্ম অনুশীলনের মাধ্যমে একজন শিক্ষার্থী—
i. সংশ্লিষ্ট ক্ষেত্রে দক্ষতা অর্জন করে
ii. প্রতিষ্ঠানিক পরিবেশ সম্পর্কে জ্ঞান লাভ করে
iii. আনুষ্ঠানিক শিক্ষা লাভ করে

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ক |

http://teachingbd.com